# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৮০

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

---

আরবী

وَعَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: «لكل شَيْء عروس وعروس الْقُرْآن الرَّحْمَن» . رَوَاهُ الْبَيْهَقِيّ فِي شعب الْإِيمَان

বাংলা

২১৮০-[৭২] ’আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, প্রত্যেকটি জিনিসের সৌন্দর্য আছে। কুরআনের সৌন্দর্য সূরা আর্ রহমান। (ইমাম বায়হাক্বী শু’আবূল ঈমান-এ বর্ণনা করেছেন)[1]

ফুটনোট

[1] মাওযূ‘ : শু‘আবূল ঈমান ২২৬৫, য‘ঈফাহ্ ১৩৫০, য‘ঈফ আল জামি‘ ৪৭২৯। কারণ এর সানাদে আহমাদ ইবনু আল হাসান মুনকারুল হাদীস, আবূ ‘আবদুর রহমান আস্ সুলামী খুবই দুর্বল এবং ‘আলী ইবনুল হুসায়ন একজন মিথ্যুক রাবী ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণীঃ ‘‘প্রত্যেক বস্তুর একটি সৌন্দর্যতা রয়েছে, আল-কুরআনের শোভা বা সৌন্দর্যতা হলো সূরা আর রহমান।’’ অত্র হাদীসে عَرُوْسٌ শব্দ ব্যবহার করা হয়েছে যার অর্থ সৌন্দর্যতা, শোভিত হওয়া, অলংকারমণ্ডিত হওয়া। সূরা আর রহমান এর সে সৌন্দর্যতা হলো فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ‘‘অতঃপর তোমাদের প্রতিপালকের কোন্ অবদানকে মিথ্যা প্রতিপন্ন করবে?’’

মুল্লা ‘আলী কারী (রহঃ) বলেন, এ সূরায় দুনিয়া-আখিরাতের নিয়ামত এবং জান্নাতের শান্তি ও নানা আরাম-আয়েশের উপকরণের বিবরণ এখানে রয়েছে, সাথে সাথে হূরুন্‘ঈন-দের অলংকার, সাজ-সজ্জা, দেহকান্তির নানা

বিবরণ এখানে রয়েছে। এতে আরো রয়েছে, জান্নাতীদের অলংকার ও রেশমের নানা মূল্যবান পোষাকের বিবরণ। সুতরাং এ দিক বিবেচনায় এ সূরাটি আল কুরআনের অলংকার ও সৌন্দর্য।

‘আল্লামা ত্বীবী বলেন, عَرُوْسٌ বলা হয় নারী-পুরুষের একান্তবাসকে। বিবাহোত্তর বাসর উদযাপনকে عَرُوْسٌ বলা হয়, যখন নারী-পুরুষ উভয়ে মূল্যবান পোষাক, দামী অলংকারে শোভিত হয়ে পরস্পরে সাক্ষাৎ লাভ করে থাকে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56740

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন